

## মানবতার মাতা তুমি পাশা মোস্তফা কামাল

বুকের ভেতর শোকের পাহাড় তবুও আছে তুমি  
মাথার ওপর মুক্ত আকাশ নিচে পলল তুমি।

পিতা মাতা আঞ্চলিক রাসেল সোনার শোক  
ভবিষ্যতের পথ চলায় শক্তি তোমার হোক।

সঙ্গে আছে বাংলাদেশের সকল জনগণ  
উন্নয়নের ধারায় যাদের করেছ বৰ্কন।

বিশ্ব যখন বলেছিল তলাবিহীন ঝুড়ি  
তুমি তখন উড়িয়ে দিলে উন্নয়নের ঘুড়ি।

ভূমিহীনে ভূমি দিলে গৃহহীনে ঘর  
সবাই তোমার আপন মানুষ নেইতো কেহ পর।

মহাকাশে বাংলাদেশের ঘুরছে স্যাটেলাইট  
দারিদ্র্যতা নিরসনে চলছে তোমার ফাইট।

নদীর তলায় চলবে গাড়ি কর্ণফুলি দিয়ে  
দেশের মানুষ গর্ব করে পদ্মাসেতু নিয়ে।

মোবাইল ফোনে পাছে ভাতা সব সুবিধাভোগী  
স্বাস্থ্যসেবা পাছে সকল গরিব দুর্ঘী রোগী।

রাজধানীতে মেট্রোরেলের আওয়াজ শোনা যায়  
ইউরোপের বাতাস লাগে বাংলাদেশের গায়।

উন্নয়নের কথা যদি লেখা যেতো সব  
উন্নয়নের রাজপথে আজ চলছে যে উৎসব।

তোমার ধর্মনীতে আছে জাতির পিতার রক্ত  
আমরা তোমায় ভালোবাসি আমরা মুজিব ভক্ত।

জাতির পিতার মতোই তোমার বিশাল বড় মন  
গরিব দুর্ঘী মানুষেরাই তোমার আপনজন।

মানবতার মাতা তুমি আপদে বিপদে  
তোমার হাতেই সোনার বাংলা থাকবে নিরাপদে।

দোয়া করি তোমার আয়ু হাজার বছর হোক  
দু'হাত তুলে করছে দোয়া দেশের সকল লোক।